

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়: সদকাতুল ফিতর

রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

ঈদের সালাতের পূর্বেই সদকাতুল ফিতর আদায় করা

'আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু 'আনহুমা থেকে বর্ণিত যে,

«أَنَّ النَّبِيَّ صلَّى اللهُ عَلَيْهِ وَسلَّمَ أَمَرَ بِزَكَاةِ الفِطْرِ قَبْلَ خُرُوجِ النَّاسِ إِلَى الصَّلاَةِ»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদেরকে ঈদের সালাতের উদ্দেশ্যে বের হওয়ার পূর্বেই সদকাতুল ফিতর আদায় করার নির্দেশ দেন।"[1]

আবু সা'ঈদ খুদুরী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

«كُنَّا نُخْرِجُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الفِطْرِ صَاعًا مِنْ طَعَامٍ»، وَقَالَ أَبُو سَعِيدٍ: «وَكَانَ طَعَامَنَا الشَّعِيرُ وَالزَّبِيبُ وَالأَقِطُ وَالتَّمْرُ»

"আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে ঈদের দিন এক সা' পরিমাণ খাদ্য সদকাতুল ফিতর হিসাবে আদায় করতাম। আবু সা'ঈদ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, আমাদের খাদ্যদ্রব্য ছিল যব, কিসমিস, পনির ও খেজুর।"[2]

>

ফুটনোট

- [1] সহীহ বুখারী, হাদীস নং ১৫০৯।
- [2] সহীহ বুখারী, হাদীস নং ১৫১০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10955

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন